দৈনিক ইত্তেফাক

NOV. 24 2001

তারিখ ... ... ... ... ... ... ..
পৃষ্ঠা ... কলাম ...

অস্ত্রবাজি'র ধারার বদলে সুস্থ-নেতৃত্বের নয়া-কমিটি গঠনের উদ্যোগ

# ছাত্রদলকে ঢেলে সাজানোর প্রক্রিয়া চলছে ॥ ছাত্রলীগেরও নতুন কমিটি গঠনের সম্ভাবনা

**আনোয়ার আলদীন** ॥ ছাত্রদলকে নতুন আঙ্গিকে ঢেলে সাজানোর প্রক্রিয়া চলছে। ছাত্র রাজনীতির প্রচলিত 'অস্ত্রবাজি' ধারার বদলে 'সুস্থ নেতৃত্বের' নয়া কমিটি ঘোষণার উদ্যোগ নেয়া হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সহিংসতা বন্ধের উদ্দেশ্যে গত ১৭ই নভেম্বর প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া ছাত্রদলের কেন্দ্রীয় কমিটির কার্যক্রম স্থগিত করে দেন। এখন আসন্ন ঈদুল ফিতরের পরেই নতুন কমিটি ঘোষিত হতে পারে। এজন্য পদ-পদবী পেতে লবিং-গ্রুপিং-এর লড়াই শুরু হয়েছে। নেতা-কর্মীরা ধরনা দিচ্ছেন নীতি-নির্ধারক-প্রভাবশালীদের দুয়ারে দুয়ারে। স্থগিত কমিটির সভাপতি সংসদ সদস্য নাসির উদ্দিন আহমদ পিন্টু

(২য় পৃষ্ঠায় ৭-এর কঃ দ্রঃ)

বললেন, আমি আর ছাত্র রাজনীতি করবো না লালবাগ এলাকায় ব্যবসায়-বাণিজ্য করবো জাতীয় রাজনীতি করবো। পিন্টুর অভিযোগ কয়েকটি পত্রিকা তার বিরুদ্ধে উল্টো-পাল্টা লিখছে।

এদিকে মেয়াদ উত্তীর্ণ ছাত্রলীগের কমিটি ভেঙ্গে নতুন কমিটি করার চিন্তাভাবনা চলছে বলে সূত্র জানিয়েছে। ১৯৯৮ সালের ২২শে সেপ্টেম্বর সম্মেলনের মাধ্যমে বাহাদুর বেপারী, অজয় কর খোকন, বলরাম পোদ্দার প্রমুখের নেতৃত্বে ছাত্রলীগের কমিটি ঘোষণা করা হয়। এক বছর পর তার মেয়াদ শেষ হয়ে যায়। গত ২রা অক্টোবর বিএনপির নেতৃত্বাধীন চারদলীয় জোটের নিরঙ্কুশ বিজয়ের পর ছাত্রলীগের কার্যক্রম নিষ্ক্রিয় হয়ে পড়ে। আওয়ামী লীগের হাইকমাণ্ড ছাত্রলীগের কর্মকাণ্ডে মোটেই খুশী নয়। এমন অবস্থায় আগামী জানুয়ারীতে প্রতিষ্ঠা বার্ষিকীর আগেই ছাত্রলীগের নতুন কমিটি হতে চলেছে। খোদ ছাত্রলীগেই এখন কয়েকজন নেতার বিরুদ্ধে নানা ধরনের অভিযোগ উত্থাপন করা হচ্ছে। তার মধ্যে রয়েছে সংগঠনকে সাইনবোর্ড হিসেবে ব্যবহার করে টেন্ডারবাজি, চাঁদাবাজি, ব্যবসায়-বাণিজ্য, তদবির-এর মাধ্যমে অর্থ আয়। ছাত্রলীগের সম্ভাব্য কমিটিতে ত্যাগী-নেতা-কর্মীদের প্রাধান্য দেয়া হতে পারে। ইতিমধ্যে সন্তর্পণে সম্ভাব্য কমিটির পদ-পদবীর জন্য লবিং-গ্রুপিং শুরু হয়েছে। সম্ভাব্য সভাপতি পদের জন্য লবিং করছেন বর্তমান কমিটির সহ-সভাপতি বলরাম পোদ্দার, অজয় কর খোকান, কাজী এবাদত হোসেন, আনিসুর রহমান প্রমুখ। সাধারণ সম্পাদক পদের জন্য লিয়াকত সিকদার, আশরাফুল আজিম রুবন, রফিকুল ইসলাম প্রমুখ। ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি পদে শাহিন বেগ, আবদুল আলিম, মুহাম্মদ আলম, একেএম আজিম লবিং করে যাচ্ছেন।

এদিকে সরকারী ছাত্র সংগঠন হওয়ার কারণে ছাত্রদলের সম্ভাব্য কমিটির দিকেই এখন সকলের দৃষ্টি। প্রধানমন্ত্রীর নির্দেশে দলের কেন্দ্রীয় কমিটির কার্যক্রম স্থগিত হওয়ার পর ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা মহানগর শাখাসহ অন্য শাখা কমিটিগুলোর সহিংস দৌরাত্ম্য হ্রাস পেয়েছে। শাখা কমিটিগুলো সতর্ক হয়ে গেছে। প্রধানমন্ত্রীর দৃঢ় মনোভাবে তারা আতংকিত। জানা গেছে, ১লা জানুয়ারী ছাত্রদলের প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন করবে নতুন কমিটি। গত বছরও সহিংসতার কারণে ছাত্রদলের কার্যক্রম সাড়ে ৫ মাস স্থগিত করে রেখেছিলেন বেগম খালেদা জিয়া। গত বছরের ২৩শে ডিসেম্বর নাসির উদ্দিন পিন্টু এবং সাহাবুদ্দিন লাল্টুর নেতৃত্বে ঘোষণা করা হয় নতুন কমিটি। কিন্তু এ কমিটি এক বছরও মেয়াদ পূর্ণ করতে পারলো না। এই কমিটি নিয়ে অনেক সমালোচনার সৃষ্টি হয়। ছাত্রদলের নতুন কমিটিতে ত্যাগী-যোগ্য নেতাদের তুলে আনার প্রক্রিয়া চলছে। এ কমিটির সভাপতি পদের সম্ভাব্য প্রার্থীদের মধ্যে আছেন মঞ্জুরে এলাহী, মনির হোসেন, এবিএম মোশাররফ হোসেন প্রমুখ। স্থগিত কমিটির সাধারণ সম্পাদক সাহাবুদ্দিন লাল্টুর প্রার্থিতা কি তা জানা যায়নি। লাল্টু গুরুতর অসুস্থ অবস্থায় সিঙ্গাপুরে